


## সমকাল

### জেডিসি পরীক্ষার এক কেন্দ্র থেকেই এতগুলো নকল উদ্ধার!

০৯ নভেম্বর ২০১৮ | Updated ০৯ নভেম্বর ২০১৮

গৌরনদী (বরিশাল) প্রতিনিধি



জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় নকল করার অভিযোগে বরিশালের গৌরনদী উপজেলার ৫টি মাদ্রাসার ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ সময় পরীক্ষার্থীদের কাছ থেকে বড় এক ব্যাগভর্তি নকল উদ্ধার করা হয়েছে।

শুক্রবার সকালে উপজেলার কাছেমাবাদ সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে এই ঘটনা ঘটে।

বহিষ্কৃতরা হলো উপজেলার জংলপট্টি পীর বাদশা মিয়া দাখিল মাদ্রাসার পরীক্ষার্থী তাজিলা (রোল-৩০৫৮১৭), খাদিজা আক্তার (রোল-৩০৫৮১৮) ও এনি আকতার (রোল-৩০৫৮৩১)। মাগুরা মাদারীপুর নেছারিয়া দাখিল মাদ্রাসার সাব্বির আল জাবের (রোল-৩০৫৭৯১) ও মাফুজ বেপারী (রোল-৩০৫৭৮৯)। উপজেলার ইল্লা দাখিল মাদ্রাসার পরীক্ষার্থী সোনা মনি (রোল-৩০৬০১৫)। মিয়ার চর দাখিল মাদ্রাসার ইমরান সরদার (রোল-৩০৫৫৭৮) এবং পশ্চিম লক্ষণ কাঠি দারুস ছালাম দাখিল মাদ্রাসার পরীক্ষার্থী সোহান (রোল-৩০৫৭০১)।

জানা গেছে, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা খালেদা নাছরিন সকাল সাড়ে ১০টার দিকে ওই কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় কেন্দ্রের পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে তিনি বিপুল পরিমাণ নকল উদ্ধার করেন। একই সময় নকল করার সময় ৮ পরীক্ষার্থীদেরকে হাতেনাতে ধরে ফেলেন। পরে তিনি তাদের বহিষ্কার করেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা খালেদা নাছরিন জানান, পরীক্ষায় নকল করার দায়ে ওই ৮ শিক্ষার্থীকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়েছে।